রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাদ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ২৭০-আইন/২০১৭।**—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর ধারা ৮৬, ধারা ১৭ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা 'নিরাপদ খাদ্য (কারিগরি কমিটি) বিধিমালা, ২০১৭' নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "**আইন**" অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন);

(খ) "**ওয়ার্কিং গ্রুপ**" অর্থ বিধি ৭ এ উল্লিখিত কারিগরি ওয়ার্কিং গ্রুপ;

(গ) "**কর্তৃপক্ষ**" অর্থ আইনের ধারা ৫ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ;

(ঘ) "**কমিটি**" অর্থ বিধি ৩ এ উল্লিখিত কারিগরি কমিটি;

(ঙ) "**ঝুঁকি**" অর্থ খাদ্যে বিপত্তি ঘটিবার কোন কার্য যাহা স্বাস্থ্যে বিরূপ প্রভাব সৃষ্টির সম্ভাবনা তৈরি করে;

(চ) "**ফরম**" অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(ছ) "**বিশেষজ্ঞ**" অর্থ নিরাপদ খাদ্য বিষয়ক বিজ্ঞানসম্মত সহায়তা ও পরামর্শ প্রদানে সক্ষম বিশেষায়িত জ্ঞানসম্পন্ন কোনো ব্যক্তি; এবং

(জ) "**সদস্য**" অর্থ কমিটির কোনো সদস্য এবং, ক্ষেত্রমত, উহার সভাপতিও উহার অন্তর্ভুক্ত হইবে।



**মূল্য ঃ** টাকা ১২.০০

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, তাহা আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থেই ব্যবহৃত হইবে।

৩। **কারিগরি কমিটি**।—(১) কর্তৃপক্ষ, আইনের উদ্দেশ্য পূরণকল্পে, উহার কার্য পরিচালনায় সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য, সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞগণের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক কারিগরি কমিটি গঠন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত বিষয়ে কমিটি গঠন করা যাইবে, যথা :—

(ক) খাদ্যদ্রব্যে মিশ্রিত পদার্থ, খাদ্য সংশ্লিষ্ট স্বাদগন্ধযুক্ত পদার্থ এবং প্রক্রিয়াকরণ সহযোগী ও বস্তু;

(খ) কীটনাশক ও এন্টিবায়োটিকের অবশিষ্টাংশ;

(গ) জেনেটিক্যালি সংশোধিত জীবাণু ও খাদ্য;

(ঘ) জৈবিক ঝুঁকি;

(ঙ) খাদ্য শৃঙ্খলে দূষিত বস্তু;

(চ) মোড়ক পরিচিতি;

(ছ) নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি; এবং

(জ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

৪। **কারিগরি কমিটির গঠন-কাঠামো ও মেয়াদ**।—(১) কমিটি ৭(সাত) হইতে ৯(নয়) সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

(২) কর্তৃপক্ষ, বিধি ৮ এর উপ-বিধি (২) এর অধীন গঠিত বিশেষজ্ঞ প্যানেল হইতে, কমিটির সদস্যগণকে নিযুক্ত করিবে।

(৩) কমিটির সভাপতি ও সদস্য-সচিব কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, সদস্যগণের মেয়াদকাল হইবে ৪(চার) বৎসর:

তবে শর্ত থাকে যে, মেয়াদ অবসানের পর, কোনো সদস্যকে সংশ্লিষ্ট কমিটিতে পুনরায় নিযুক্তির ক্ষেত্রে কোনো বাধা থাকিবে না।

(৫) কোনো ব্যক্তি—

(ক) একাদিক্রমে ২(দুই) মেয়াদের অধিক একই কমিটিতে, এবং

(খ) একই সময়ে ২(দুই) টির অধিক কমিটিতে-

সদস্য থাকিতে পারিবেন না।

(৬) কর্তৃপক্ষ, প্রয়োজনবোধে যে কোনো সময়, আদেশ দ্বারা,—

(ক) কোনো সদস্যকে পরিবর্তনপূর্বক তদস্থলে নূতন কোনো সদস্যকে স্থলাভিষিক্ত করিতে পারিবে; এবং

(খ) কমিটির বিষয় সংশোধনপূর্বক উহা পুনর্গঠন করিতে পারিবে।

(৭) কর্তৃপক্ষ, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে, যে কোনো সময়, যে কোনো সদস্যকে তাহার পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৫। **কারিগরি কমিটির সভা**।—(১) কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ ও সময় ঢাকায় কমিটির সভা অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, বৎসরে কমপক্ষে ৩(তিন)টি সভা অনুষ্ঠিত হইবে এবং কর্তৃপক্ষের নির্দেশনা সাপেক্ষে, যে কোনো সময় যে কোনো স্থানে, সভা আহবান করা যাইবে।

(২) কমিটির সভাপতি উহার সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক নির্দেশিত উক্ত কমিটির অন্য কোনো সদস্য বা এইরূপ কোনো নির্দেশনা না থাকিলে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক মনোনীত উক্ত কমিটির অন্য কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য- সংখ্যার সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে কমিটির কার্যক্রম পরিচালিত হইবে, তবে মতামতের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারীর নির্ণায়ক সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা থাকিবে।

(৫) শুধু কোনো সদস্য পদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে উহার কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৬) কমিটির সদস্য-সচিব সভার কার্যবিবরণী লিপিবদ্ধ, সংরক্ষণ ও সদস্যগণের নিকট প্রেরণ করিবেন।

(৭) সভার আলোচ্য বিষয়ে সহায়তা করিবার জন্য কমিটি, প্রয়োজনে, সংশ্লিষ্ট শিল্প ও ভোক্তা প্রতিনিধি, বিশেষজ্ঞ বা কর্তৃপক্ষের কোনো কর্মকর্তাকে আমন্ত্রণ জানাইতে পারিবে।

(৮) এই বিধির বিধানাবলি সাপেক্ষে, কর্তৃপক্ষ কমিটির সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৯) কর্তৃপক্ষ প্রতিটি কারিগরি কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৬। **কারিগরি কমিটির দায়িত্ব ও কার্যাবলী**।—(১) কর্তৃপক্ষ, এই বিধির বিধানাবলি সাপেক্ষে, আদেশ দ্বারা, প্রতিটি কমিটির বিশেষত্ব বিবেচনায় উহাদের কার্য-পরিধি ও দায়-দায়িত্বসহ আনুষঙ্গিক বিষয়াদি নির্ধারণ করিতে পারিবে।

(২) কমিটির সদস্যগণ স্ব-স্ব পরিমণ্ডলে বাংলাদেশে ও আন্তর্জাতিকভাবে গৃহীত ও অনুসৃত পদ্ধতিসমূহ স্বীয় প্রজ্ঞা ও বিজ্ঞানসম্মত পদ্ধতির যথাযথ অনুশীলনের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করিবেন।

(৩) জনস্বাস্থ্যে খাদ্য বিপত্তির প্রাদুর্ভাব বা সংকটকালীন অবস্থা সৃষ্টির আশঙ্কা থাকিলে কমিটি জরুরি ভিত্তিতে উহা প্রতিরোধ বা প্রতিকারের প্রয়োজনীয় দিকনির্দেশনাসহ বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবে এবং কর্তৃপক্ষ উহা প্রতিরোধ বা প্রতিকারের যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবে।

(৪) কমিটি, প্রয়োজনে, কর্তৃপক্ষের ওয়েবসাইট ব্যবহারের মাধ্যমে, কোনো বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট বিষয়ে উহার প্রাথমিক মতামতের উপর বিশেষজ্ঞের মন্তব্য ও প্রস্তাবনা আহবান করিতে পারিবে।

৭। **কারিগরি ওয়ার্কিং গ্রুপ**।—(১) কর্তৃপক্ষ, কমিটির পরামর্শের ভিত্তিতে, সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞগণের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক কারিগরি ওয়ার্কিং গ্রুপ গঠন করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ, আদেশ দ্বারা, ওয়ার্কিং গ্রুপের গঠন-কাঠামো, কার্য-পরিধি ও দায়-দায়িত্বসহ আনুষঙ্গিক বিষয়াদি নির্ধারণ করিবে।

৮। **বিশেষজ্ঞের সহায়তা ও বিশেষজ্ঞ প্যানেল**।—(১) কর্তৃপক্ষ উহার উপর অর্পিত দায়িত্ব পালন ও কার্য সম্পাদনে, নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর, বিশেষজ্ঞগণের বিজ্ঞানসম্মত সহায়তা, মতামত ও পরামর্শ গ্রহণ করিতে পারিবে, যথা :—

(ক) খাদ্যে দূষণের কারণে জনস্বাস্থ্যের উপর ঝুঁকি;

(খ) ভোক্তা সাধারণের উপর জৈব ও রাসায়নিক ঝুঁকির হুমকি নিরূপণ;

(গ) দূষক বা ক্ষতিকর অনুজীব নিয়ন্ত্রণের অনুশাসন;

(ঘ) জীব ও খাদ্যে জেনেটিক প্রযুক্তি বা অন্য কোনো প্রযুক্তির ব্যবহার;

(ঙ) খাদ্যের নিরাপদ মান নির্ণয়ে বিভিন্ন প্রকারের প্রযুক্তি প্রয়োগ;

(চ) খাদ্য ও পানিবাহিত রোগ নজরদারি এবং সংকটকালীন জরুরি সাড়া প্রদান;

(ছ) আন্তঃসংস্থা সহযোগিতার ক্ষেত্র এবং দায়-দায়িত্ব সুনির্দিষ্টকরণ;

(জ) সম্ভাব্য ঝুঁকি নিরূপণ, মূল্যায়ন, পদ্ধতি উদ্ভাবন ও যোগাযোগ ব্যবস্থাপনা;

(ঝ) খাদ্যদ্রব্যের স্বাস্থ্য বিধান ও পুষ্টি সংক্রান্ত ঝুঁকি নিরূপণ;

(ঞ) খাদ্য গ্রহণজনিত কারণে স্বাস্থ্য ঝুঁকি চিহ্নিতকরণ;

(ট) জৈবিক ঝুঁকির প্রাদুর্ভাব ও ব্যাপকতা চিহ্নিতকরণ;

(ঠ) খাদ্যদ্রব্যে দূষিত বস্তুর মিশ্রণের প্রাদুর্ভাব ও ব্যাপকতা চিহ্নিতকরণ;

(ড) খাদ্যদ্রব্যে দূষণকারি বস্তুর অবশিষ্টাংশের প্রাদুর্ভাব ও ব্যাপকতা চিহ্নিতকরণ;

(ঢ) খাদ্য পরীক্ষাগার নেটওয়ার্ক স্থাপন, পরীক্ষণ পদ্ধতি ও সক্ষমতা বৃদ্ধি;

(ণ) খাদ্যশিল্প ও খাদ্য ব্যবসা পরিচালনায় জনবল প্রশিক্ষণ ব্যবস্থাপনা;

(ত) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের কৌশল;

(থ) সংশ্লিষ্ট অংশীজন সচেতনতা ও সমন্বয় পদ্ধতি;

(দ) খাদ্য দূষণে তেজস্ক্রিয়তার মাতা নিরূপণ;

(ধ) নিরাপদ খাদ্য পরিকল্পনা প্রণয়ন;

(ন) নিরাপদ খাদ্য কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয়;

(প) আইনের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও নজরদারি; এবং

(ফ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

(২) কর্তৃপক্ষ, উপ-বিধি (১) এ উল্লিখিত প্রতিটি বিষয়ের জন্য, সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত, কমপক্ষে ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন, বিজ্ঞানী বা বিশেষজ্ঞগণের সমন্বয়ে কমপক্ষে ১০ (দশ) সদস্যবিশিষ্ট বিশেষজ্ঞ প্যানেল গঠন করিতে এবং উহা, প্রয়োজনবোধে, সময় সময়, সংশোধন করিতে পারিবে।

৯। **স্বচ্ছতা ও জবাবদিহিতা**।—কমিটি এবং ওয়ার্কিং গ্রুপ—

(ক) এর সভাপতি ও সদস্যগণ, দায়িত্ব পালনের ক্ষেত্রে স্বচ্ছতা ও সর্বোচ্চ নৈতিক মান নিশ্চিতকরণের জন্য, 'ফরম-ক' অনুযায়ী ঘোষণা প্রদান করিবেন;

(খ) এর সভাপতি ও সদস্যগণ তাহার পরিবারের কোনো সদস্যের সহিত, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কোনো খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণ উৎপাদন, প্রক্রিয়াকরণ বা বিপণনের সহিত সংশ্লিষ্ট কোনো ধরনের ব্যবসা-বাণিজ্যের সহিত জড়িত থাকিলে অথবা কর্তৃপক্ষের কার্যক্রমের সহিত স্বার্থ-সংশ্লিষ্ট কোনো বিষয়ে জড়িত থাকিলে, তৎমর্মে 'ফরম-খ' অনুযায়ী তথ্য ও ঘোষণা প্রদান করিবেন; এবং

(গ) প্রয়োজনে, উহার সভাপতি ও সদস্যগণের নাম, কার্যপরিধি ও সভার কার্যবিবরণী, কর্তৃপক্ষের নির্দেশনা সাপেক্ষে, জনসম্মুখে প্রকাশ করিবে।

১০। **অপ্রযোজ্যতা**।—Pure Food Rules, 1967 এর যে সকল বিধান এই বিধিমালার বিধানের সহিত সম্পর্কিত তাহা এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে অপ্রযোজ্য হইবে।

১১। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, প্রয়োজনবোধে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**ফরম-ক**

**[ বিধি ৯(ক) দ্রষ্টব্য ]**

স্বচ্ছতা ও নৈতিক মান নিশ্চিতকরণ সংক্রান্ত ঘোষণা

নাম :.................................

সভাপতি বা সদস্য,..........................................(কমিটি বা ওয়ার্কিং গ্রুপের নাম)

এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, আমি......................................বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি বা ওয়ার্কিং গ্রুপের সভাপতি বা সদস্য হিসাবে সভায় উপস্থিত বা অংশগ্রহণ করিয়া স্বীয় জ্ঞান, প্রজ্ঞা ও বিজ্ঞানসম্মত অভিমত ব্যক্ত করিব এবং আমার উপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করিব। আমি জনস্বার্থ বিবেচনায় আমার কর্মকাণ্ডে কোনো ব্যক্তি বা সংস্থা দ্বারা প্রভাবিত হইব না।

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, সভায় আলোচ্য বিষয়ে অন্যান্য আলোচকবৃন্দের অভিমতের প্রতি সম্মান প্রদর্শন করিয়া প্রযোজ্য ক্ষেত্রে উহার গোপনীয়তা রক্ষা করিব এবং যে সকল বিষয়ের বা তথ্যের গোপনীয়তা রক্ষা করিবার জন্য সভার নির্দেশনা থাকিবে অথবা সভায় আলোচিত এইরূপ কোনো বিষয় বা তথ্য, যাহার গোপনীয়তা রক্ষা না করিলে উহার ফলাফল জনমনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করিতে পারে বলিয়া আশঙ্কা বোধ করিব, তাহা কাহারো নিকট প্রকাশ করিব না।

স্বাক্ষর :

তারিখ :

ঠিকানা :

ই-মেইল ও ফোন নম্বর :

**ফরম-খ**
**[বিধি ৯(খ) দ্রষ্টব্য]**
**স্বার্থ-সংশ্লিষ্টতা সংক্রান্ত তথ্য ও ঘোষণা**

নামঃ............................................
সভাপতি বা সদস্য, ............................................ (কমিটি বা ওয়ার্কিং গ্রুপের নাম)

**প্রত্যক্ষ বা পরোক্ষ স্বার্থ-সংশ্লিষ্ট তথ্য (বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম সংক্রান্ত)**

(১) প্রত্যক্ষ স্বার্থ-সংশ্লিষ্টতা (আর্থিক লাভজনক সংশ্লিষ্টতা, যেমন-চাকরি, চুক্তিবদ্ধ কাজ, বিনিয়োগ, ফি ইত্যাদি)-
..............................................................................................................................
..............................................................................................................................

(২) পরোক্ষ স্বার্থ-সংশ্লিষ্টতা (পরোক্ষভাবে আর্থিক লাভজনক সংশ্লিষ্টতা, যেমন- অনুদান, স্পন্সরশীপ, অন্যান্য)-
..............................................................................................................................
..............................................................................................................................

(৩) স্বীয় এবং পরিবারের কোনো সদস্যের পেশাগত কার্যক্রম হইতে আয়-
..............................................................................................................................
..............................................................................................................................

(৪) কর্তৃপক্ষের কার্যক্রমের আওতাধীন এমন কোনো প্রতিষ্ঠান বা সংস্থা বা সংগঠন বা ক্লাব এর সদস্যপদ বা সংশ্লিষ্টতা-
..............................................................................................................................
..............................................................................................................................

(৫) অন্যান্য উল্লেখযোগ্য স্বার্থ-সংশ্লিষ্টতা-
..............................................................................................................................
..............................................................................................................................

(৬) বিশেষ কোনো স্বার্থ-সংশ্লিষ্টতা (কোনো সভার সুনির্দিষ্ট কোনো কার্যসূচির সহিত স্বার্থ-সংশ্লিষ্টতা) আছে কিনা? থাকিলে, উহার বৃত্তান্ত সভা অনুষ্ঠানের পূর্বে সংশ্লিষ্ট কমিটি বা গ্রুপের সদস্য-সচিবের নিকট লিখিতভাবে প্রেরণ করিতে হইবে এবং সেই ক্ষেত্রে সদস্য-সচিব প্রয়োজনীয় ব্যবস্থা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য উহা সংশ্লিষ্ট কমিটি বা গ্রুপের সভায় উপস্থাপন করিবেন (বিষয়টি সদস্য-সচিব সংশ্লিষ্ট হইলে উহা সভাপতির নিকট প্রেরণ করিতে হইবে)।

**ঘোষণা**

আমি................................................ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি বা ওয়ার্কিং গ্রুপের সভাপতি বা সদস্য হিসাবে এই মর্মে ঘোষণা প্রদান করিতেছে যে, উপরোল্লিখিত তথ্যাদি আমার জানামতে পূর্ণাঙ্গ ও সত্য এবং আমি স্বীয় স্বার্থ অর্জনের জন্য কোন ধরনের স্বার্থ-সংশ্লিষ্টতার তথ্য গোপন করি নাই।

স্বাক্ষর :
তারিখ :
ঠিকানা:
ই-মেইল ও ফোন নম্বর :

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ কায়কোবাদ হোসেন**
সচিব
খাদ্য মন্ত্রণালয়।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd